

ফিলিপ রথে আরোহণ করেছিলেন এবং যীশুর বিষয় কথা বলেছিলেন শিশুদের যীশুর সুসমাচার বলতে শিক্ষা দিন।

শিশুদের এই শিক্ষণ কার্যকলাপের মধ্যে যে কোন একটি পছন্দ করুন যা
তাদের প্রয়োজনের সঙ্গে মানান সহিত হবে।

সন্তুষ্ট হলে শিশুদের এই ছবিটা নকল করতে দিন।

প্রেরিত ৮:২৬-৪০ পদে উল্লেখিত ফিলিপ এবং ইথিয়োপীয়ার লোকের গল্লাটি
বড় শিশুদের অথবা শিক্ষককে পড়তে দিন। এই গল্লাটি বর্ণনা করে যে পবিত্র আত্মা
কিভাবে রথে উপবিষ্ট একটি লোকের কাছে ফিলিপকে খ্রীষ্টের সুসমাচার বলতে
সাহায্য করেছিলেন। সেই ব্যক্তিটি ছিলেন একজন ইথিয়োপীয়ার লোক এবং প্রথমে
তিনি শাস্ত্র বুঝতে পারেন নি।



প্রেরিত ৮:২৬-৪৬ পদের গল্লাটি বলার পর নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। (প্রশ্নের পরে উত্তর দেওয়া হয়েছে)

- প্রাপ্তরের পথে ফিলিপকে কে যেতে বলেছিলেন? (২৬ পদ দেখুন)
- ফিলিপ কত দ্রুত রথে আরোহণ করতে যাওয়ার আত্মার আদেশের বাধ্য হয়েছিলেন? (৩০ পদ দেখুন)
- ইথিয়োপীয়ার লোকটি কি পড়েছিলেন? (৩০ পদ দেখুন। তিনি যিশাইয় ভাববাদী পুস্তক থেকে পাঠ করেছিলেন, যিনি
কয়েক শত বছর পূর্বে বাস করেছিলেন, যিশাইয় ৫:৩)
- ভবিষ্যতের এই ভাববাদী শাস্ত্রে কার বিষয়ে কথা বলা হয়েছিল? (প্রেরিত ৮:৩২ পদ দেখুন, এখানে যীশুর বিষয়ে বলা
হয়েছিল, যিনি মেষ শাবকের ন্যায় হত হওয়ার জন্য নীত হয়েছিলেন।)
- ফিলিপ কত দ্রুত সেই ইথিয়োপীয়ার লোকটিকে বাস্তিম দিয়েছিলেন? (৩৮ পদ দেখুন)
- ফিলিপ এবং ইথিয়োপীয়ার লোকটির গল্লের কিছু অংশ নাটকে পরিণত করুন।
- এই সংক্ষিপ্ত নাটকটি উপস্থাপন করার জন্য প্রধান উপাসক মণ্ডলীর নেতাদের সঙ্গে ব্যবস্থাপনা করুন। নাটকটি প্রস্তুতির
জন্য শিশুদের সঙ্গে আপনার সময় ব্যবহার করুন।
- বড় শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের নিম্নলিখিত চরিত্রগুলো অভিনয় করতে দিনঃ

বর্ণনাকারীঃ গল্লটির সারাংশ তৈরী করবেন এবং শিশুদের পাঠ মুখস্থ করতে সাহায্য করবেন।

ফিলিপ

ছোট শিশুদের নিম্নলিখিত চরিত্রে অভিনয় করতে দিনঃ

ইথিয়োপীয়ার লোক

যোড়া (একটি অথবা দুটি)

কর্তৃপক্ষ (সুসমাচার আত্মা)

বর্ণনাকারীঃ প্রেরিত ৮:২৬-৩৫ পদ থেকে
গল্লের প্রথম অংশটি বলুন। তারপর
বলবেন, “শুনুন, স্বর্গদূত ফিলিপকে কি
বলছেন।”



কর্তৃপক্ষঃ “ফিলিপ, প্রাপ্তরের পথে যাও।

এখন, তুমি কি একটি রথ দেখতে পাচ্ছ? রথের নিকটবর্তী হও।”

যোড়াঃ দুটো চেয়ারের সামনে দাঢ়িয়ে থাকবে, যা রথের প্রতিনিধিত্ব করবে। যোড়ার মত হাঁটার ভান করবে।

ইথিয়োপীয়ার লোকঃ (একটি চেয়ারে বসে যিশাইয় ৫:৩-৮ অংশটি পাঠ করবে। তারপর বলবে, “আমি এটা বুঝতে
পারছিনা। কে এই মেষশাবক?”

ফিলিপঃ “আমি ইহা ব্যাখ্যা করছি।” (অন্য চেয়াড়টির উপর বসবে।) “এই প্রাচীন ভাববাদীটি যীশুর সমন্বে বলা হয়েছিল,
যিনি মেষশাবকের মত আমাদের জন্য মৃত্যুবরণ করেছিলেন।”

বর্ণনাকারীঃ প্রেরিত ৮:৩৬-৪০ পদ থেকে গল্লটির দ্বিতীয় অংশটি বলবেন। তারপর বলবেন, “শুনুন, ইথিয়োপীয়ার লোকটি
কি বলছেন।”

ইথিয়পীয়ার লোকটিৎ : “দেখ, এখানে জল আছে! আমার বাপ্তাইজিত হবার বাধা কি?”

ফিলিপ : “আপনি যদি আপনার সমস্ত হৃদয় দিয়ে যীশুকে বিশ্বাস করেন, তবে আপনি বাপ্তাইজিত হতে পারেন।”

ইথিয়পীয়ার লোকটিৎ : “হেই, ঘোড়ারা! থামো।”

ঘোড়াগুলো : ঘোড়াগুলো ডেকে উঠবে। ঘোড়াদের মত সামনের পা দুটো তুলে বাতাসে লাই ছুঁড়বে।

ফিলিপ : (ইথিয়পীয়ার লোকটির পাশে পাশে হাঁটবে এবং তাকে বাস্তিস্ম দানের ভান করবে। তারপর ছুটে লুকিয়ে যাবে।)

ইথিয়পীয়ার লোকটিৎ : “লোকটি কোথায়? সে আমাকে বাস্তিস্ম দিয়ে অদৃশ্য হয়ে গেল।”

বর্ণনাকারী অথবা বড় শিশু : যারা এই নাটকটি করতে সাহায্য করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাই।

যদি শিশুরা বড়দের জন্য নাটকটি করে থাকে, তবে ...

- তবে শিশুদের উপরের তালিকার প্রশ্নগুলো বড়দের জিজ্ঞাসা করতে দিন।
- একটি বড় শিশুও প্রাপ্তবয়স্কদের জিজ্ঞাসা করতে পারেন, “আর কি কি ভাবে পবিত্র আত্মা আমাদের কাছে যীশুর বিষয় বলতে সাহায্য করতে পারেন?
- লোকদের কয়েকটি উদাহরণ দিতে দিন।

নিচের ছবিটার মত প্রান্তরের একটি পথ আঁকুন।



- শিশুদের ছবিটি নকল করতে দিন এবং তাদের বাবা মায়ের কাছে এবং পরবর্তী আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের কাছে ছবিগুলো দেখাতে দিন।
- তারপর তাদের ঘোড়া গাড়ী টানছে এবং গাড়ীতে দুজন লোক বসে আছে এমন একটি ছবি আঁকতে দিন।
- বড় শিশুদের ছোট শিশুদের সাহায্য করতে দিন।

যোহন ৩:১৬ পদটি মুখস্থ করুন।

কবিতা : যিশাইয়া ৫৩:৬-৮ পদ থেকে তিনজন হিশুর প্রত্যেককে একএকটি করে পদ আবৃত্তি করতে দিন।

কয়েকজন বড় শিশু ফিলিপের বিষয় একটি কবিতা বা গান রচনা করতে চাইতে পারেন।

প্রার্থনা : ‘পিতা, আমরা তোমার আত্মাকে অনুসরণ করতে চাই যখন তিনি আমাদের পরিচালিত করেন। যারা সুসমাচার শেনার জন্য প্রস্তুত হয়ে আছেন, দয়া করে তাদের কাছে যেতে আমাদের সাহায্য করুন। তাদের কাছে তোমার পুত্র যীশুর বিষয়ে বলার জন্য বাইবেলের গল্পগুলো স্মরণ করতে আমাদের সাহায্য করুন। তুমি যত অলৌকিক কাজ করেছ আমরা প্রত্যেককে তা জানাতে চাই।’